বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ঢাকা
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 16 APR 1989
পৃষ্ঠা 4 কলাম 3

015

# চিঠিপত্র

( মতামতের জন্য সম্পাদক দায়ী নন )

## সিঙ্গাপুর পলিটেকনিকে ছাত্র ভর্তি

বর্তমানে 'সিঙ্গাপুর পলিটেকনিকের' নিম্নলিখিত বিভাগগুলিতে "দুই বছরের এ্যাডভান্সড ডিপ্লোমা" কোর্সগুলিতে জাতি, ধর্ম, গোত্র, বর্ণ, নাগরিকত্ব, বয়স, নারী-পুরুষ নির্বিশেষে ছাত্র-ছাত্রী ভর্তি করা হচ্ছে: (১) অটোমেশন ইন ম্যানুফ্যাকচারিং, (২) বিলডিং কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট, (৩) বিলডিং মেইনটেন্যান্স ম্যানেজমেন্ট, (৪) বিজিনেস ইনফরমেশন সিসটেমস, (৫) কনস্ট্রাকশন-ইনজিনিয়ারিং, (৬) কনট্রোল এবং ইনস্ট্রুমেনটেশন (৭) ফুড টেকনলজিং, (৮) ইনডাষ্ট্রিয়াল ইলেকট্রনিক্স, (৯) ইনডাষ্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, (১০) ইনফরমেশন সিসটেম টেকনলজি, (১১) ম্যানুফ্যাকচারিং টেকনলজি, (১২) মেকানিক্যাল প্লানট টেকনলজি, (১৩) মেকাট্রনিকস, (১৪) প্লাষ্টিকস টেকনলজি, (১৫) পাওয়ার ইলেকট্রনিক্স এবং কন্ট্রোল সিসটেম, (১৬) পাওয়ার প্লান্ট ইঞ্জিনিয়ারিং, (১৭) পাওয়ার সিসটেম ইঞ্জিনিয়ারিং, (১৮) টেলিকম্যুনিকেশনস, (১৯) টুল ইঞ্জিনিয়ারিং এবং ডিজাইন, (২০) অটোমেশন ও কন্ট্রোল, (২১) সফট-ওয়্যার টেকনলজি, (২২) প্লাষ্টিক মোলড ডিজাইন, (২৩) ইণ্ডাষ্ট্রীয়াল ম্যানেজমেন্ট।

ভর্তিপ্রাপ্ত সকল বিদেশী ছাত্র-ছাত্রীকে "ঐ পলিটেকনিক থেকে পাস করতে পারলে, অবশ্যই তিন বছর সিঙ্গাপুরে চাকরি করবে," এই চুক্তিনামায় সই করতে হবে।

আগাম ভর্তি না হয়ে ঐদেশে যাওয়া উচিত নয়। কারণ, গেলেই ও দরখাস্ত করলেই, ভর্তি হওয়া যাবে, এ গ্যারানটি কেউই দিতে পারে না।

পূর্ণ নারী স্বাধীনতার দেশ সিঙ্গাপুর। ছাত্রীবোনেরা পূর্ণ নিরাপত্তা ও সামাজিক মর্যাদা সহকারে ঐদেশে পড়াশুনা করতে পারেন।

টাডি-লোন, বৃত্তি, হোষ্টেলের সুবিধা, বার্ষিক খরচ ইত্যাদি সবকিছু জানবার জন্য সরাসরি রেজিষ্ট্রারকে চিঠি দিতে হবে।

ভর্তি প্রার্থীদের পৃথিবীর যেকোন পলিটেকনিক থেকে অবশ্যই সংশ্লিষ্ট বিভাগে (অথবা সমতুল্য বিভাগে) ডিপ্লোমাধারী হতে হবে।

আগ্রহী প্রার্থিগণের আবেদনপত্র ও অন্যান্য খবরাদির জন্য এখন সার্টিফিকেটসমূহের কোন ফটোকপি পাঠাতে হবে না অথবা পূর্ণাঙ্গ জীবনী লিখতে হবে না। তবে ইংরেজীতে তরজমাকৃত মার্কশিটসমূহের ফটোকপিগুলো অবশ্যই পাঠাতে হবে। নিচের ঠিকানায় চিঠি দিতে পারেন। (এই চিঠি সিঙ্গাপুর থেকে প্রকাশিত ইংরেজী দৈনিক "দি ষ্ট্রেটস টাইমস" পত্রিকার বিজ্ঞাপানুসারে লিখছেন, একথা অবশ্যই উল্লেখ করতে হবে:-

(ক) এ্যাডমিশন অফিসার,
সিঙ্গাপুর পলিটেকনিক,
সিঙ্গাপুর-০৫১৩

পুনশ্চ:- (১) কেউ যদি শুভেচ্ছার নিদর্শনস্বরূপ এই সংখ্যা 'দৈনিক সংবাদ' পত্রিকার একটি কপি আমাকে সরাসরি সাধারণ বুকপোষ্টে পাঠান, তবে বিশেষ বাধিত হব।

ডা: আবুল হাসান (বুলু),
এম,বি,বি,এস
কেয়ার অব পোষ্ট মাষ্টার,
সিঙ্গাপুর-০১০৪,
এশিয়া।